

ছাত্র নেতৃত্বের প্রতি এখন আর মানুষের আস্থা নেই : আশরাফ

■ সমকাল প্রতিবেদক

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও জনপ্রশাসনমন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলাম বলেছেন, বর্তমান ছাত্র নেতৃত্বের প্রতি জনগণের আস্থা নেই। তাই দেশ গঠনে ছাত্র ও যুবসমাজকে পঠনমূলক কাজে লাগাতে হবে। দেশের সাধারণ মানুষের কাছে ছাত্রদের কথা দাম ছিল। তাই বঙ্গবন্ধু ছাত্রদের নির্বাচনে কাজে লাগাতেন। জাতির পিতা তার আন্দোলন-সংগ্রামে ছাত্র ও যুবসমাজের প্রতি বেশি আস্থা রাখতেন। মুক্তিযুদ্ধের উত্তাল দিনগুলোতে বঙ্গবন্ধুর এক হাত ছিল আওয়ামী লীগ, আরেক হাত ছাত্রলীগ। শোকের মাস আগস্টের ধারাবাহিক ৪০ দিনের কর্মসূচির অংশ হিসেবে গতকাল সোমবার রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে ঢাকা জেলা আওয়ামী লীগ আয়োজিত আলোচনা সভায় তিনি এ কথা বলেন।

ঢাকা জেলা আওয়ামী লীগের সভাপতি বেনজীর আহমেদের সভাপতিত্বে আলোচনা সভায় আরও বক্তৃতা করেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল, খাদ্যমন্ত্রী অ্যাডভোকেট কামরুল ইসলাম, বিদ্যুৎ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু, আহমদ হোসেন, অ্যাডভোকেট আবদুল মান্নান খান, হাসিনা দৌলা, সাবিনা আক্তার তুহিন প্রমুখ।

সৈয়দ আশরাফ বলেন, সাধারণ মানুষ ছাত্রসমাজকে বিশ্বাস করে কিনা সেটার উত্তর আমার জানা নেই। অথচ সত্তরের দশকে মানুষ ছাত্রদের কথার প্রচুর দাম দিত। তাদের কথা বিশ্বাস করত। এখন আমরা যারা ছাত্র ছিলাম, এখন সাধারণ মানুষ ছাত্রদের মনে করত দেবতা। দুঃখের বিষয় সেই আস্থা ও বিশ্বাস এখন যে কোনো কারণবশত সাধারণ মানুষের মধ্যে নেই।

তিনি আরও বলেন, ছাত্রসমাজ দেশের স্বাধীনতা যুদ্ধে বঙ্গবন্ধুর ডাকে বুক পেতে দিয়েছে। আজ ছাত্রলীগ নিয়ে নানা কথা হয়। তাই ছাত্রলীগের নতুন প্রজন্মের নেতাকর্মীদের বঙ্গবন্ধুর আদর্শে গড়ে তোলা হবে। তিনি বলেন, নতুন প্রজন্মকে দূরে ঠেলে দিলে দেশের ভবিষ্যৎ কী হবে? তাদের বঙ্গবন্ধুর আদর্শে গড়ে তোলা আমাদের সবার দায়িত্ব।

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেন, বঙ্গবন্ধুর রক্তের স্রোত যেকোনো গেছে সেখানেই আত্মের কথা বলেছে। মানবতার সেবায় ত্রুটি হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধুর দৌহিত্র সজীব ওয়াজেদ জয়ের পরামর্শ নিয়ে ডিজিটাল বাংলাদেশ গড়ার ঘোষণা দিলেন। অনেকে অবাক হয়েছে, কিন্তু আজ তা বাস্তব। এখন আমরা শুধুই এগিয়ে যাচ্ছি। বঙ্গবন্ধুর দুই দৌহিত্রী সায়মা হোসেন পুতুল সারাবিশ্বে অটিজম বিপ্লবে মানুষের সেবায় ও টিউলিপ রেমোয়ান সিদ্ধিক যুক্তরাজ্যে জনপ্রতিনিধি হিসেবে মানুষের সেবায় নিয়োজিত আছেন।